গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
বাজেট অধিশাখা
সচিবালয় সংযোগ সড়ক, ঢাকা
www.molwa.gov.bd

স্মারক নম্বর-৪৮.০০.০০০০.০০৬.০২০.০৩১.০১৯.২০১৭-১৪০

তারিখঃ ১০ ফাল্গুন ১৪২৪ / ২২ ফেব্রুয়ারি ২০১৮

প্রেরক : মো: মতিয়ার রহমান
উপসচিব (বাজেট)
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা

প্রাপক : প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
সেগুনবাগিচা, ঢাকা।

বিষয় : 'মুক্তিযোদ্ধা সম্মানী ভাতা' প্রদান কার্যক্রম এর আওতায় চলতি ২০১৭-১৮ অর্থ বছরের বাজেটে কল্যাণ ও অনুদান খাতে (৩-৬৩০৫-৩৫৮৭-৫৯২৫) বরাদ্দ অর্থ হতে ২য় কিস্তির (১ম কোয়ার্টার জানুয়ারি-মার্চ ২০১৮ প্রান্তিকে) দেশের ৬৪টি জেলার ১,৮৪,৯৬১ (এক লক্ষ চুরাশি হাজার নয়শত একষট্টি) জন মুক্তিযোদ্ধার সম্মানী ভাতা বাবদ ৫৫৪,৮৮,৩০,০০০/- (পাঁচশত চুয়ান্ন কোটি আটাশি লক্ষ ত্রিশ হাজার) টাকা ছাড়ে সরকারি আর্থিক মঞ্জুরী জ্ঞাপন ।

আদিষ্ট হয়ে 'মুক্তিযোদ্ধা সম্মানী ভাতা' প্রদান কার্যক্রম এর আওতায় চলতি ২০১৭-১৮ অর্থ বছরের বাজেটে কল্যাণ ও অনুদান খাতে (৩-৬৩০৫-৩৫৮৭-৫৯২৫) বরাদ্দকৃত অর্থ হতে ২য় কিস্তির (১ম কোয়ার্টার জানুয়ারি-মার্চ ২০১৮ প্রান্তিকে) দেশের ৬৪টি জেলার ১,৮৪,৯৬১ (এক লক্ষ চুরাশি হাজার নয়শত একষট্টি) জন মুক্তিযোদ্ধার সম্মানী ভাতা বাবদ ৫৫৪,৮৮,৩০,০০০/- (পাঁচশত চুয়ান্ন কোটি আটাশি লক্ষ ত্রিশ হাজার) টাকা ৬৪টি জেলার অনুকূলে অর্থ ছাড়ে সরকারি আর্থিক মঞ্জুরী জ্ঞাপন করছি :

(অংকসমূহ টাকায়)

| ক্রমিক | জেলার নাম | ভাতাভোগীর সংখ্যা (ন্যাপ কমিউনিষ্টসহ) | ভাতার পরিমান (জানুয়ারি-মার্চ ২০১৮ প্রান্তিক) |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| ১ | ঢাকা | ৫১৭৪ | ১৫৫২২০০০০/- |
| ২ | নারায়নগঞ্জ | ২৪৭৯ | ৭৪৩৭০০০০/- |
| ৩ | গাজীপুর | ৩০৮১ | ৯২৪৩০০০০/- |
| ৪ | মুন্সিগঞ্জ | ২৩৩৯ | ৭০১৭০০০০ |
| ৫ | মানিকগঞ্জ | ১৯১৯ | ৫৭৫৭০০০০ |
| ৬ | নরসিংদি | ৪৭৮০ | ১৪৩৪০০০০০ |
| ৭ | টাঙ্গাইল | ৮৪০৭ | ২৫২২১০০০০ |
| ৮ | ময়মনসিংহ | ৫৬৭৫ | ১৭০২৫০০০০ |
| ৯ | কিশোরগঞ্জ | ৩৬০২ | ১০৮০৬০০০০ |
| ১০ | নেত্রকোণা | ৩০৬০ | ৯১৮০০০০০ |
| ১১ | জামালপুর | ২৪১৩ | ৭২৩৯০০০০ |
| ১২ | শেরপুর | ১৩৩৫ | ৪০০৫০০০০ |
| ১৩ | ফরিদপুর | ৩৯০০ | ১১৭০০০০০০ |
| ১৪ | মাদারীপুর | ২৫৭৩ | ৭৭১৯০০০০ |
| ১৫ | শরিয়তপুর | ২১৪৩ | ৬৪২৯০০০০ |
| ১৬ | রাজবাড়ি | ১২২৪ | ৩৬৭২০০০০ |
| ১৭ | গোপালগঞ্জ | ৫৮২৮ | ১৭৪৮৪০০০০ |
| ১৮ | বরিশাল | ৬৭১৭ | ২০১৫১০০০০ |
| ১৯ | পিরোজপুর | ২৮৫৯ | ৮৫৭৭০০০০ |
| ২০ | ঝালকাঠি | ১৯৮৯ | ৫৯৬৭০০০০ |

অপর পৃষ্ঠায় সদয় দ্রষ্টব্য

| ক্রমিক | জেলার নাম | ভাতাভোগীর সংখ্যা (ন্যাপ কমিউনিষ্টসহ) | ভাতার পরিমান (জানুয়ারি-মার্চ ২০১৮ প্রান্তিক) |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| ২১ | ভোলা | ১৪৭৮ | ৪৪৩৪০০০০ |
| ২২ | পটুয়াখালি | ১২২৪ | ৩৬৭২০০০০ |
| ২৩ | বরগুনা | ১২০১ | ৩৬০৩০০০০ |
| ২৪ | চট্টগ্রাম | ৮০২৩ | ২৪০৬৯০০০০ |
| ২৫ | কক্সবাজার | ৩৪১ | ১০২৩০০০০ |
| ২৬ | নোয়াখালী | ৪৯৬৪ | ১৪৮৯২০০০০ |
| ২৭ | ফেনী | ২৯০৮ | ৮৭২৪০০০০ |
| ২৮ | লক্ষ্মীপুর | ১৭৮৮ | ৫৩৬৪০০০০ |
| ২৯ | কুমিল্লা | ৮২৫৯ | ২৪৭৭৭০০০০ |
| ৩০ | ব্রাহ্মণবাড়ীয়া | ৬৭৯৯ | ২০৩৯৭০০০০ |
| ৩১ | চাঁদপুর | ৩৫৭০ | ১০৭১০০০০০ |
| ৩২ | রাঙ্গামাটি পা. জেলা | ১৫১ | ৪৫৩০০০০ |
| ৩৩ | বান্দরবান পা. জেলা | ১৫০ | ৪৫০০০০০ |
| ৩৪ | খাগড়াছড়ি পা. জেলা | ৫৫৫ | ১৬৬৫০০০০ |
| ৩৫ | সিলেট জেলা | ৪২৭২ | ১২৮১৬০০০০ |
| ৩৬ | মৌলভীবাজার | ১৫৮৯ | ৪৭৬৭০০০০ |
| ৩৭ | সুনামগঞ্জ | ৪০৪৪ | ১২১৩২০০০০ |
| ৩৮ | হবিগঞ্জ | ২০৯৬ | ৬২৮৮০০০০ |
| ৩৯ | রাজশাহী | ২৪৭৪ | ৭৪২২০০০০ |
| ৪০ | নওগাঁ | ৩০৮৬ | ৯২৫৮০০০০ |
| ৪১ | নাটোর | ১৪৭১ | ৪৪১৩০০০০ |
| ৪২ | চাঁপাইনবাবগঞ্জ | ২১২৯ | ৬৩৮৭০০০০ |
| ৪৩ | পাবনা | ২৭২৭ | ৮১৮১০০০০ |
| ৪৪ | সিরাজগঞ্জ | ৩২৫৫ | ৯৭৬৫০০০০ |
| ৪৫ | বগুড়া | ৩০৯০ | ৯২৭০০০০০ |
| ৪৬ | জয়পুরহাট | ৭৭৯ | ২৩৩৭০০০০ |
| ৪৭ | রংপুর | ১৩১৮ | ৩৯৫৪০০০০ |
| ৪৮ | গাইবান্ধা | ২০৮৭ | ৬২৬১০০০০ |
| ৪৯ | কুড়িগ্রাম | ৪২১২ | ১২৬৩৬০০০০ |
| ৫০ | নীলফামারী | ৯৫৩ | ২৮৫৯০০০০ |
| ৫১ | লালমনিরহাট | ১৯৪২ | ৫৮২৬০০০০ |
| ৫২ | দিনাজপুর | ৩৭০৬ | ১১১১৮০০০০ |
| ৫৩ | ঠাকুরগাঁও | ১৫২৪ | ৪৫৭২০০০০ |
| ৫৪ | পঞ্চগড় | ১৯৭৪ | ৫৯২২০০০০ |
| ৫৫ | খুলনা | ১৮২০ | ৫৪৬০০০০০ |
| ৫৬ | বাগেরহাট | ৪৬০০ | ১৩৮০০০০০০ |
| ৫৭ | সাতক্ষীরা | ২২৮৩ | ৬৮৪৯০০০০ |

অপর পৃষ্ঠায় সদয় দ্রষ্টব্য

| ক্রমিক | জেলার নাম | ভাতাভোগীর সংখ্যা (ন্যাপ কমিউনিষ্টসহ) | ভাতার পরিমান (জানুয়ারি-মার্চ ২০১৮ প্রান্তিক) |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| ৫৮ | যশোর | ২৮৮৪ | ৮৬৫২০০০০/- |
| ৫৯ | মাগুরা | ১৬৮৩ | ৫০৪৯০০০০/- |
| ৬০ | ঝিনাইদহ | ২১০৭ | ৬৩২১০০০০/- |
| ৬১ | নড়াইল | ২৩৫৭ | ৭০৭১০০০০/- |
| ৬২ | কুষ্টিয়া | ৩০৯৫ | ৯২৮৫০০০০/- |
| ৬৩ | চুয়াডাঙ্গা | ১৫২৮ | ৪৫৮৪০০০০/- |
| ৬৪ | মেহেরপুর | ৯৬৮ | ২৯০৪০০০০/- |
| | মোট= | ১,৮৪,৯৬১ | ৫৫৪,৮৮,৩০,০০০/- |

২। ছাড়কৃত ৫৫৪,৮৮,৩০,০০০/- (পাঁচশত চুয়ান্ন কোটি আটাশি লক্ষ ত্রিশ হাজার) টাকা চলতি ২০১৭-২০১৮ অর্থবছরের বাজেটে ৩-৬৩০৫-৩৫৮৭-৫৯২৫ 'মুক্তিযোদ্ধা সম্মানী ভাতা' কার্যক্রম ৫৯০০ সাহায্য মঞ্জুরি ৫৯২৫ কল্যাণ অনুদান খাতে বরাদ্দকৃত অর্থ হতে মিটানো হবে;

০৩। বরাদ্দকৃত ৫৫৪,৮৮,৩০,০০০/- (পাঁচশত চুয়ান্ন কোটি আটাশি লক্ষ ত্রিশ হাজার) টাকা সারণীতে বর্ণিত সংশ্লিষ্ট জেলার নামের পার্শ্বে প্রদর্শিত সম্মানী ভাতাভোগী মুক্তিযোদ্ধার সংখ্যা অনুসারে (সর্বমোট ১,৮৪,৯৬১ জন) মুক্তিযোদ্ধার মাঝে সম্মানী ভাতা বিতরণের জন্য অনুরোধ জানানো হল;

০৪। সংশ্লিষ্ট জেলার পার্শ্বে প্রদর্শিত ও বরাদ্দকৃত অর্থ বিতরণের/উত্তোলনের জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসকগণের নিকট অথরিটি প্রেরণের জন্য অনুরোধ করা হ'ল (সারণীর কলাম ৪ অনুসারে)। জেলা প্রশাসকগণ তার জেলার অনুকূলে মুক্তিযোদ্ধা সম্মানী ভাতা বাবদ বরাদ্দকৃত অর্থ আয়ন ব্যয়ন কর্মকর্তা হিসেবে জেলা হিসাবরক্ষণ কার্যালয় থেকে উত্তোলনপূর্বক সোনালী ব্যাংক/অগ্রণী ব্যাংক/জনতা ব্যাংক/বাংলাদেশ কৃষি ব্যাংক/রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের মাধ্যমে 'মুক্তিযোদ্ধা সম্মানী ভাতা হিসাব' খুলে বিতরণের ব্যবস্থা গ্রহণ করবেন;

০৫। এ মন্ত্রণালয়ের ১২ জুন ২০১৭ তারিখের ২৪২ নং স্মারকে জারিকৃত পরিপত্রের আলোকে জেলা প্রশাসক মন্ত্রণালয় কর্তৃক ফেরত প্রদানকৃত মুক্তিযোদ্ধা কাগজপত্র যাচাই-বাছাইর্পূবক বিধি-মোতাবেক ভাতা প্রদান করবেন। এ মন্ত্রণালয়ের ১৮ ভাদ্র ১৪২২ বঙ্গাব্দ মোতাবেক ০২ সেপ্টেম্বর ২০১৫ খ্রিষ্টাব্দ তারিখের পরিপত্র নং- ৪৮.০০.০০০০.০০২.৩৪.০০২.১২.৩৪০ এর অনুচ্ছেদ (৪) এর উপানুচ্ছেদ (ঙ) এ বর্ণিত "ভাতা প্রাপ্তির ক্ষেত্রে ভাতাভোগীর বয়স ২৬-০৩-১৯৭১ তারিখে ন্যূনতম ১৩ বৎসর হতে হবে" এর স্থলে "ভাতা প্রাপ্তির ক্ষেত্রে মুক্তিযোদ্ধার বয়স ৩০-১১-১৯৭১ খ্রিষ্টাব্দ তারিখে কিংবা তাঁর পূর্বে কমপক্ষে ১২ বৎসর ০৬ মাস হতে হবে, অর্থাৎ কোন বীর মুক্তিযোদ্ধার জন্ম তারিখ ৩০-০৫-১৯৫৯ খ্রিষ্টাব্দের পর বিবেচিত হবে না" মর্মে প্রতিস্থাপন করা হয়েছে। ফলে মুক্তিযোদ্ধার বয়স বিবেচনার ক্ষেত্রে উক্ত নির্দেশনা অনুসরন করতে হবে;

০৬। যাচাই-বাছাইকালে বিদ্যমান নীতিমালা ও এতদবিষয়ে জারিকৃত পরিপত্রের আলোকে কোন মুক্তিযোদ্ধা ভাতা প্রাপ্তির যোগ্য বিবেচিত না হলে বরাদ্দকৃত অর্থ বিতরণ না করে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ১-৬৩০১-০০০১-২৬৭১ কোডে চালানের মাধ্যমে জমা প্রদান করে এ মন্ত্রণালয়কে অবহিত করতে হবে;

০৭। সম্মানী ভাতা পরিশোধে সকল আর্থিক বিধি-বিধান ও সরকারি নিয়মাচার অনুসরণ করতে হবে। অর্থ ব্যয়ে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ দায়ী থাকবে;

০৮। এ মন্ত্রণালয়ের মুক্তযোদ্ধা সম্মানী ভাতা বিতরণ নীতিমালা ২০১৩ ও ০২-০৯-২০১৫ তারিখে জারীকৃত ৩৪০ সংখ্যক পরিপত্র এবং ২৫ এপ্রিল ২০১৬ তারিখের ৬০০ সংখ্যক স্মারক অনুসারে যাচাই-বাছাইয়ান্তে মুক্তিযোদ্ধা সম্মানী ভাতা বিতরণ নিশ্চিত করার অনুরোধের পরও লক্ষ্য করা যাচ্ছে যে, কোন কোন ক্ষেত্রে মুক্তিযোদ্ধার স্বপক্ষে প্রমাণাদি যথাযথভাবে যাচাই/প্রমাণ ব্যতিরেকেই ভাতা প্রদান করা হচ্ছে। যা কাঙ্খিত নয়। ভাতা বিতরণের ক্ষেত্রে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট কমিটি/ভাতা বিতরণকারীগণ ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন;

০৯। আগামী ১৫-৪-২০১৮ তারিখের মধ্যে জেলার অনুকূলে ছাড়কৃত অর্থের ব্যয় বিবরণী ও সমন্বয় হিসাব প্রেরণের বিষয়টি নিশ্চিত করতে হবে;

১০। সরকারি অনুদানের অর্থ ব্যাংক হিসাবে অব্যহৃত থাকলে সরকারি কোষাগারে জমা করতঃ (কোড নম্বর-১-৬৩০১-০০০১-২৬৭১) আর্থিক শৃঙ্খলা ও সঠিক হিসাবায়নের লক্ষ্যে অডিট করতঃ প্রতিবেদন অত্র মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে;

১১। সম্মানী ভাতা এবং উৎসব ভাতা বিতরণ ব্যতীত অন্যকোন উদ্দেশ্যে এই অর্থ ব্যয় করা যাবে না;

১২। মুক্তিযোদ্ধা সম্মানী ভাতা বিতরণের ক্ষেত্রে কোনভাবেই অগ্রিম ভাতা প্রদান করা যাবে না এবং প্রতি মাস অন্তে মুক্তিযোদ্ধাদের অনুকূলে মুক্তিযোদ্ধার ব্যাংক হিসাবের মাধ্যমে ভাতা প্রদান নিশ্চিত করতে হবে ;

অপর পৃষ্ঠায় সদয় দ্রষ্টব্য

১৩। জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিলের ২৪তম সভার সিদ্ধান্ত অনুসারে ভারতীয় তালিকা, লাল মুক্তিবার্তা তালিকা এবং মাননীয় প্রধানমন্ত্রী স্বাক্ষরিত সনদ ব্যতিত অন্য সকল গেজেটভুক্ত প্রকৃত মুক্তিযোদ্ধার সঠিকতা নির্ণয়ের বিষয়টি পুনরায় উপজেলা পর্যায়ে যাচাই-বাছাই করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। সে প্রেক্ষিতে ভারতীয় তালিকা, লাল মুক্তিবার্তা তালিকা এবং মাননীয় প্রধানমন্ত্রী স্বাক্ষরিত সনদ ব্যতিত অন্য সকল গেজেটভুক্ত মুক্তিযোদ্ধা/পোষ্যদের কোন রাষ্ট্রীয় সুযোগ-সুবিধা পেতে হলে এ মর্মে অঙ্গীকার প্রদান করতে হবে যে, চূড়ান্ত তালিকায় মুক্তিযোদ্ধা হিসেবে তালিকাভুক্ত হতে না পারলে এ যাবৎ গ্রহণকৃত সকল সুযোগ-সুবিধা প্রত্যার্পন করতে বাধ্য থাকবেন;

১৪। প্রত্যেক সম্মানী ভাতা প্রাপ্ত মুক্তিযোদ্ধার ভাতা তাঁর ব্যাংক হিসাবে জমা নিশ্চিত করতে হবে অথবা একাউন্টপেয়ি চেকের মাধ্যমে ভাতা প্রদান করতে হবে। এর কোন ব্যত্যয় হলে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী কর্মকর্তা, সমাজসেবা কর্মকর্তা ও ব্যাংক ম্যানেজার দায়ী হবেন। বিষয়টি সংশ্লিষ্ট জেলা প্রশাসক নিশ্চিত করবেন;

১৫। . অব্যয়িত অর্থ (যদি থাকে) ৩০ জুন, ২০১৮ তারিখের মধ্যে ট্রেজারী চালানের মাধ্যমে (১-৬৩০১-০০০১-২৬৭১ সংখ্যক কোডে) সরকারি কোষাগারে জমাকরতঃ এ মন্ত্রণালয়কে অবহিত করতে হবে;

১৬। কক্সবাজার জেলার মহেশখালী উপজেলার ১৯ জন বীর মুক্তিযোদ্ধার সম্মানী ভাতা ইলেক্ট্রনিক প্রক্রিয়ায় প্রদান করা হবে। ফলে এই মঞ্জুরিপত্রে মহেশখালী উপজেলার উক্ত ১৯ জন বীর মুক্তিযোদ্ধার সম্মানী ভাতার বরাদ্দ প্রতিফলিত হয়নি; এবং

১৬। এ বিষয়ে অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের ১৩-০২-২০১৮ তারিখের ০৭.১০৮.০২০.৬৩.০৫.০১৪.২০০২(অংশ-১) এর উদ্বৃতাংশ মূলে সম্মতি রয়েছে।

(মোঃ মতিয়ার রহমান)
উপসচিব(বাজেট)
টেলিফোনঃ ৯৫৫০১৩৩

স্মারক নম্বর-৪৮.০০.০০০০.০০৬.০২০.০৩১.০১৯.২০১৭-

তারিখঃ ১০ ফাল্গুন ১৪২৪ / ২২ ফেব্রুয়ারি ২০১৮

বিতরণ(কার্যার্থে):

১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। ভারপ্রাপ্ত সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩। সচিব, সমাজ কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪। মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা
৫। বিভাগীয় কমিশনার..............................................
৬। জেলা প্রশাসক..............................................................
৭। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা.............................................................

অনুলিপি(জ্ঞাতার্থে):

১। সচিব, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২। মহাপরিচালক, জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল, স্কাউট ভবন, ঢাকা;
৩। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, ৮৮ মতিঝিল বা/এ, ঢাকা;
৪। অতিরিক্ত সচিব (প্রশাসন), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা;
৫। যুগ্মসচিব (আইসিটি) মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (মঞ্জুরী পত্রটি এ মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
৬। প্রশাসক, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল, মগবাজার, ঢাকা;
৭। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা;
৮। সচিবের একান্ত সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।

(মোঃ মতিয়ার রহমান)
উপসচিব(বাজেট)
টেলিফোনঃ ৯৫৫০১৩৩